

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১০-০১-১৪০৯ বাংলা । / ২৩-০৪-২০০২ ইংরেজী ।

এস.আর.ও নং ৭০-আইন/২০০২/১৯৪৪/শুল্ক।- Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972) এর Section 74 এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্ন তালিকাভুক্ত পণ্যসমূহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

তালিকা

- (১) স্বর্ণ (Gold)
- (২) রৌপ্য (Silver)
- (৩) মুদ্রা (Coin)
- (৪) কারেন্সী নোট (Currency Note)
- (৫) নিরাপত্তা কাগজ (Security Paper)
- (৬) অরিজিনেশন মাস্টার পেটস ও ইন্ট্যাগলিও।
- (৭) অফসেট সিকিউরিটি কালি।

২। এই প্রজ্ঞাপন ১৮ই পৌষ, ১৪০৮ বাং মোতাবেক ১লা জানুয়ারী, ২০০২ ইং তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মনযুর মান্নান)

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।